# বৃহস্পতিবার বসছে ত্রয়োদশ জাতীয় সংসদের তৃতীয় অধিবেশন



সংগৃহীত ছবি

ত্রয়োদশ জাতীয় সংসদের তৃতীয় অধিবেশন শুরু হচ্ছে আগামীকাল বৃহস্পতিবার (২৭ আগস্ট)। বেলা ৩টায় সংসদ ভবনে অধিবেশনের কার্যক্রম শুরু হবে। জাতীয় ও রাজনৈতিকভাবে গুরুত্বপূর্ণ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হতে পারে এবারের অধিবেশনে।

জাতীয় সংসদের চিফ হুইপ নূরুল ইসলাম মনি জানিয়েছেন, তৃতীয় অধিবেশনে সংসদীয় কমিটি গঠনের বিষয়টি অগ্রাধিকার পাবে। বিরোধী দলের পক্ষ থেকে সদস্যদের তালিকা পাওয়ার পর কমিটিগুলো চূড়ান্ত করা হবে।

তিনি জানান, অধিবেশনের মেয়াদ প্রাথমিকভাবে ৫ থেকে ১০ দিনের মধ্যে রাখার পরিকল্পনা রয়েছে। তবে সংসদের কার্যক্রম ও পরিস্থিতি বিবেচনায় প্রয়োজন হলে সময় বাড়ানো হতে পারে।

অধিবেশনকে কেন্দ্র করে সংসদ ভবন ও আশপাশের এলাকায় নিরাপত্তা জোরদার করা হয়েছে। আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সংসদ এলাকার ভেতরে ও আশপাশে সভা-সমাবেশ, মিছিল ও বিক্ষোভ কর্মসূচি নিষিদ্ধ করেছে প্রশাসন।

সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জানিয়েছে, অধিবেশন চলাকালে নিরাপত্তাবিধি মেনে চলতে হবে। কেউ আইন অমান্য করে বিশৃঙ্খলা সৃষ্টি করলে তাঁর বিরুদ্ধে প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

LENS ASIA